



## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)

৮, রাজউক এডিনিউ, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ, ১৪২৭  
১৭ মে, ২০২০

### প্রজ্ঞাপন নং- ০৯/২০২০

বিশ্বব্যাপী নভেল করোনা ভাইরাস সংক্রমণের কারণে সারা বিশ্বের ন্যায় বাংলাদেশের অর্থনীতিতেও বিরূপ প্রভাব পড়েছে। এ সংকট মোকাবেলায় রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অনাবশ্যক পরিচালন ব্যয় হ্রাসকল্পে নির্দেশনা প্রদান করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাণিজ্যিক ব্যাংক শাখা কর্তৃক ০৩ মে, ২০২০ তারিখে ৫৩.০০.০০০০.৩১২.৯৯.০০৩.১৭-৬৪ নম্বরযুক্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

০২। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উক্ত প্রজ্ঞাপনে উল্লেখিত নির্দেশনাসমূহ সকলের অবগতি ও পরিপালনের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতদসঙ্গে প্রজ্ঞাপিত হলো।

*Sumit*  
১৭-৫-২০২০  
(রুখসানা ইয়াসমিন)  
সহকারী মহাব্যবস্থাপক

#### বিতরণ:

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার/সচিব, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক -এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক -এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক -এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান -এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

#### অনুলিপি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ:

১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
বাণিজ্যিক ব্যাংক শাখা  
(www.fid.gov.bd)

নং-৫৩.০০.০০০০.৩১২.৯৯.০০৩.১৭-৬৪

তারিখঃ ২০ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ  
০৩ মে, ২০২০ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

বিশ্বব্যাপী নভেল করোনা ভাইরাস সংক্রমণের কারণে সারা বিশ্বের ন্যায় বাংলাদেশের অর্থনীতিতেও বিরূপ প্রভাব পড়েছে। এ সংকট মোকাবেলায় রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মূল লক্ষ্য হওয়া উচিত ক্ষতিগ্রস্ত ব্যবসা প্রতিষ্ঠানসমূহে অধিকতর তারল্য প্রবাহ বাড়িয়ে অর্থনীতির চাকা সচল রাখা ও কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করা। এর প্রস্তুতি হিসেবে রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অনাবশ্যক পরিচালন ব্যয় হ্রাসকল্পে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ-

- (১) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অস্থাবর সম্পদ ক্রয়, অফিস স্পেস ভাড়া, সাজসজ্জা ইত্যাদি সাময়িকভাবে বন্ধ রাখা;
- (২) গাড়ী ব্যবহারে বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ সার্কুলার অনুসরণ করা ও গাড়ী ব্যবহারে সশ্রমী হওয়া;
- (৩) পানি, গ্যাস ও বিদ্যুৎ ইত্যাদি ব্যবহারে সশ্রমী হওয়া;
- (৪) পর্যদ সভাসহ অন্যান্য সভা অনুষ্ঠান, বার্ষিক সাধারণ সভা, আপ্যায়ন ও অন্যান্য ক্ষেত্রে ব্যয় যথাসম্ভব কমানো; এবং সভার জন্য ভেন্যু ভাড়া না করে ব্যাংকের কনফারেন্স রুমেই আয়োজন করা;
- (৫) বাৎসরিক ক্যালেন্ডার, ডাইরী মুদ্রণ বা এ জাতীয় প্রচারণামূলক ব্যয়ে অর্থ বরাদ্দ সীমিত করা;
- (৬) কর্মচারীদের ভ্রমণ ও যাতায়াত ভাতা, আপ্যায়ন খরচ, স্টেশনারি, উন্নয়ন ফান্ডসহ বিবিধ খরচে মিতব্যয়ী হওয়া;
- (৭) ক্রান্তিকালীন পরিস্থিতিতে বিভিন্ন সভাসহ অন্যান্য অনুষ্ঠান ভিডিও কনফারেন্সের মাধ্যমে সম্পন্ন করা;
- (৮) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের চেয়ারম্যান ও নির্বাহীদের অনাবশ্যক বিদেশ ভ্রমণ না করা;
- (৯) ব্যাংকের ফ্রন্টলাইনে যারা কাজ করে তাদের অধিকতর স্বাস্থ্য সুরক্ষা প্রদান করা ও যাতায়াত সুবিধাসহ অন্যান্য সুবিধা বৃদ্ধি করা।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ আবদুল আওয়াল)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৪০০২

নং-৫৩.০০.০০০০.৩১২.৯৯.০০৩.১৭-৬৪


তারিখঃ ২০ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ  
০৩ মে, ২০২০ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী/বেসিক/বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

চলমান পাতা/০২

- ২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক/প্রবাসী কল্যাণ ব্যাংক/কর্মসংস্থান ব্যাংক/আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক/ পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা/রাজশাহী।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন/ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ/সাধারণ বীমা কর্পোরেশন/জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
০৬/০৫/২০২০  
(মোহাম্মদ আব্দুল আওয়াল)  
উপসচিব